



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

ফোনঃ ৯১৩১৫৮০, ফ্যাক্সঃ +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইলঃ dkib.bd@gmail.com, ওয়েবঃ www.dkib.org

স্মারক নং- ২৩০

তারিখ : ২৯/১০/১৫

মাননীয়,

কৃষি মন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ কারিগরী শিক্ষা বোর্ড পরিচালিত কৃষি ডিপ্লোমা সনদপ্রাপ্ত কৃষি মন্ত্রণালয়ের অধীন কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নিত করণ প্রসঙ্গে।

জনাব,

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে আপনাকে স্বশ্রদ্ধ সালাম জানাচ্ছি।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি যে, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীন প্রকৌশলী ডিপ্লোমা ও কৃষি ডিপ্লোমা কোর্স একই মেয়াদের ও সমমর্যাদা সম্পন্ন। প্রকৌশলী ডিপ্লোমাধারী গণ অনেক পূর্ব থেকেই ১০ম গ্রেড বেতন স্কেল ভুক্ত ও ২য় শ্রেণী পদমর্যাদা সম্পন্ন, কিন্তু শিক্ষা কোর্স একই মেয়াদের ও সমমর্যাদা সম্পন্ন হওয়া সত্ত্বেও ডিপ্লোমা কৃষিবিদদেরকে ১০ম গ্রেড বেতন স্কেল ও ২য় শ্রেণী পদমর্যাদা দেওয়া হয় নাই। এ বিষয়ে অত্র সংগঠনের দাবির প্রেক্ষিতে আপনার ঐকান্তিক প্রচেষ্টায় জনপ্রশাসন মন্ত্রণালয় ইতোমধ্যেই কৃষি মন্ত্রণালয়ের অধীন কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতন স্কেল ও ২য় শ্রেণী পদমর্যাদা প্রদানের সম্মতি প্রদান করেন। পরবর্তী কালে গত ২৩ অক্টোবর ২০১৩খ্রিঃ তারিখে আপনার উপস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড স্কেল ও ২য় শ্রেণী পদমর্যাদা প্রদানের আনুষ্ঠানিক ঘোষণা দেন। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় ২৯ অক্টোবর ২০১৩খ্রিঃ তারিখে ২য় শ্রেণী পদমর্যাদা উন্নিতের সম্মতি প্রদান করলেও ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নিতের সম্মতি না দেওয়াই মাননীয় প্রধানমন্ত্রীর মহান ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে ০৩ নভেম্বর ২০১৩খ্রিঃ তারিখে ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নিতের জন্য কৃষি মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন। বিষয়টি নিষ্পত্তির জন্য বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রী সভা কমিটির ইতি পূর্বে ১৭/১১/২০১৩খ্রিঃ ও ০২/০৭/২০১৪খ্রিঃ তারিখের সভার ৩ নং আলোচ্যসূচীতে ছিল। অনিবার্য কারণ বশতঃ উক্ত সভা গুলি না হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অবস্থায় আছে।


জনাব, সম্প্রতি বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রী সভা কমিটি পুনর্গঠিত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ২৩ অক্টোবর ২০১৩খ্রিঃ তারিখের মহান ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে দীর্ঘদিন উপেক্ষিত ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নিতের বিষয়টি বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রী সভা কমিটির প্রথম সভায় সমাধানের জন্য আপনার আশু হস্তক্ষেপ কামনা করছি। বিনীত

আপনার বিশ্বস্ত


(এ.টি.এম আবুল কাশেম)

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৭১১-৪৮৮৪২৫


(মোঃ আব্দুর রাশেদ খান)

মহাসচিব

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭